

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩৯
আগরতলা, ১৩ মার্চ, ২০১৯

১২ মার্চের মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবারের মাধ্যমিক পরীক্ষার গতকাল নতুন সিলেবাসে সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স এবং জিওগ্রাফি ও ইকনমিক্স), পুরাতন সিলেবাসে ম্যাথমেটিক্স, মাদ্রাসা আলিম-এর নতুন সিলেবাসে সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স এবং জিওগ্রাফি ও ইকনমিক্স), মাদ্রাসা আলিম-পুরাতন সিলেবাসে ম্যাথমেটিক্স বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল রাজ্যের মোট ৭৬টি (উপকেন্দ্র সহ ১৫১টি) মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের সবকয়টি পরীক্ষা কেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিলো। এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনও পরীক্ষার্থীকে বহিষ্কার করার সংবাদ পাওয়া যায়নি। অবশ্য সব পরীক্ষা কেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ করা পর্যন্ত পাওয়া যায়নি।

গতকাল পরীক্ষায় পর্ষদ সভাপতি ড. ভবতোষ সাহা কমলপুর, হালাহালি, সালেমা, কুলাই কেন্দ্রের অন্তর্গত বেশকিছু পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পর্ষদের বিশেষ আধিকারিক মনীষ পোদ্দার ও রঞ্জন সরকার মধুপুর, সূর্যমণিনগর এবং শিশুবিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রগুলি পরিদর্শন করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
